B.A./5th Sem (H)/BEN/22(CBCS)

# 2022

## 5th Semester Examination

## BENGALI (Honours)

### Paper : DSE 2-T

[CBCS]

Full Marks : 60 Time : Three Hours

*The figures in the margin indicate full marks. Candidates are required to give their answers in their own words as far as practicable.*

[ জীবনীসাহিত্য ও পত্রসাহিত্য ]

বিভাগ - ক

যে কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

১। 'ছিন্নপত্রে'র চিঠিগুলি রচনার সময়পরিধি উল্লেখ করো। এগুলি কার উদ্দেশ্যে লিখিত হয়েছিল?

২। তোমার পাঠ্য 'ছিন্নপত্রে'র চিঠিগুলির মধ্যে সর্বাধিক পত্র কোথা থেকে লেখা হয়েছিল? স্থান নামসহ পত্রসংখ্যাগুলি লেখো।

৩। গিরিবালা নামক মেয়েটির কথা কত সংখ্যক পত্রে রয়েছে? পত্রটির রচনাকাল লেখো।

৪। 'জনপদবধূ' কথার অর্থ কী? এই কথাটি রবীন্দ্রনাথ কোথা থেকে সংগ্রহ করেছিলেন?

P.T.O.

৫। 'এখানে রাত্রে গির্জ্জের ঘড়িতে ঘণ্টা বাজে না' — 'এখানে' বলতে কোন্ জায়গার কথা বলা হয়েছে? উদ্ধৃতিটি কত সংখ্যক পত্রের অংশ?

৬। 'পদ্মদাসী' নিবন্ধটি প্রথম কবে, কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল?

৭। 'আপনকথা' গ্রন্থে উল্লিখিত দুটি ব্রতের নাম উল্লেখ করো।

৮। "মায়ের অনেকগুলি দাসী ছিলো।" — দাসীদের নামগুলি লেখো।

৯। "কালোজামের বিচি পেটে গেলেই সর্বনাশ।" — কী কী সম্ভাব্য সর্বনাশের কথা লেখক জানিয়েছেন?

১০। 'বারবাড়িতে' নিবন্ধে উল্লিখিত দুটি উপন্যাসের নাম ও লেখকের নাম লেখো।

১১। 'তৃণাঙ্কুর' দিনলিপি রচনার সময়সীমা লেখো।

১২। 'তৃণাঙ্কুর' গ্রন্থে উল্লিখিত দুটি পাখি ও দুটি নদীর নাম লেখো।

১৩। 'তৃণাঙ্কুর' কবে প্রথম প্রকাশিত হয়? গ্রন্থটি কাকে উৎসর্গ করা হয়েছিল?

১৪। 'তৃণাঙ্কুর' গ্রন্থে বিভূতিভূষণ জীবনের বড় আনন্দ বলতে কী কী বিষয়কে বুঝিয়েছেন লেখো।

১৫। "আলোক-সারথি'র ছক কাটলুম" — লেখক কোথায় বসে এই ছক কেটেছিলেন? এটি পরে কী নামে প্রকাশিত হয়েছিল?

## বিভাগ - খ

**যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও।** ৫×৪=২০

১৬। "প্রীতিমাত্রই রহস্যময়ের পূজা" — কোন্ পত্রের অংশ? পত্রটির সারকথা সংক্ষেপে লেখো।

১৭। "ইনষ্টিট্যুটে সেই মহিলা-পর্যটকের কথা পড়ছিলুম।" — এই প্রসঙ্গে লেখকের অনুভূতির যে পরিচয় পরিস্ফুট হয়েছে তা লেখো।

১৮। কর্তাদাদামশাই বলতে অবনীন্দ্রনাথ ঠাকুর কাকে বুঝিয়েছেন? তাঁর প্রসঙ্গে লেখক কী তথ্য ব্যক্ত করেছেন লেখো।

১৯। "কিন্তু ও মেয়েটি পয়মন্ত নয়" — প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য ব্যাখ্যা করো।

২০। "কাল সাতবেড়ে মেয়ে দেখতে যাবো।" — লেখকের অনুসরণে সাতবেড়ে গ্রামের বর্ণনা দাও।

২১। 'আপনকথা' গ্রন্থের কোন্ নিবন্ধে 'বকুলতলার বাড়ি'র কথা রয়েছে? এই বাড়িটির সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

## বিভাগ - গ

যে কোনো **দুইটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

২২। 'ছিন্নপত্রে'র গদ্যরীতি কতখানি অভিনবত্বের স্বাক্ষর রেখেছে আলোচনা করো।

২৩। 'আপনকথা' গ্রন্থের 'উত্তরের ঘর' নিবন্ধের বিষয়বস্তু আলোচনা করো।

২৪। 'তৃণাঙ্কুর' দিনলিপির নামকরণ কতখানি সার্থক হয়েছে তা বিচার করো।

২৫। 'আপনকথা' গ্রন্থে উল্লিখিত পদ্মদাসী ও ভৃত্য রামলাল সম্পর্কে আলোচনা করো।

---

P.T.O.

অথবা

[বাংলা বিতর্কমূলক, সৌন্দর্যতত্ত্বমূলক এবং বিজ্ঞানচেতনামূলক গ্রন্থপাঠ]

বিভাগ - ক

যে কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

১। 'ব্রজবিলাস' কবে, কী ছদ্মনামে প্রকাশিত হয়েছিল?

২। 'ব্রজবিলাস' গ্রন্থে ব্যবহৃত দু'টি প্রবাদ উল্লেখ করো।

৩। "শতং বদ মা লিখ।" — এই উক্তির অর্থ কী? কার প্রসঙ্গে এই উক্তি করা হয়েছে?

৪। 'যশোহরহিন্দুধর্ম্মরক্ষিণীসভা'র সম্পাদক হিসেবে কার নাম উল্লেখ করা হয়েছে? এই সভার চতুর্থ সাংবাৎসরিক অধিবেশনের মূল উপজীব্য বিষয় কী ছিল বলে লেখক জানিয়েছেন?

৫। "আপাতত 'কপিরত্ন' বলাই সাব্যস্ত করিলাম।" — 'কপিরত্ন' কথার অর্থ কী? লেখক কার উপাধি প্রসঙ্গে একথা বলেছেন?

৬। "রূপের পাথারে আঁখি ডুবিয়া রহিল" - অবনীন্দ্রনাথের কোন্ প্রবন্ধে এই উদ্ধৃতি ব্যবহৃত হয়েছে? এই পঙক্তির রচয়িতা কে?

৭। অবনীন্দ্রনাথের 'বাগেশ্বরী শিল্প প্রবন্ধাবলী' কোন্ সময়কালে রচিত হয়েছিল?

৮। "শিল্প জগতে এই দু'জনের জন্যই স্থানাভাব।" — কোন্ দু'জনের কথা বলা হয়েছে?

৯। "কলা-রসিকদের মধ্যে দুটো দল সৃষ্টি হয়েছে।" — দুটো দল কী কী বলে লেখক উল্লেখ করেছেন? এর বাইরে তিনি আর কী কী দলের কথা বলেছেন?

১০। "'ছিয়াল', 'ছিমনী', 'ছোলঙ্গ' এই তিনটিই বাঙ্গলা কথা।" — কথা তিনটির অর্থ লেখো।

১১। 'অব্যক্ত' গ্রন্থটি কবে, কোথা থেকে প্রকাশিত হয়েছিল?

১২। 'অব্যক্ত' গ্রন্থের কিছু প্রবন্ধ যে সমস্ত পত্রিকায় প্রকাশিত হয়েছিল সেই পত্রিকাগুলির নাম লেখো।

১৩। 'অব্যক্ত' গ্রন্থের কোন্ প্রবন্ধে 'ক্রেস্কোগ্রাফ' নামক কল আবিষ্কারের কথা রয়েছে? লেখক এই কলের অন্য যে নাম রেখেছিলেন সেগুলি উল্লেখ করো।

১৪। "এই অসম সংগ্রামে ভারতেরই জয় হইল।" — কোন্ প্রসঙ্গে লেখক একথা বলেছেন?

১৫। 'লেটেন্ট পিরিয়ড' কাকে বলে?

## বিভাগ - খ

যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

১৬। 'ব্রজবিলাস' গ্রন্থে কয় প্রকার বিবাহের কথা বলা হয়েছে? সেগুলি কী কী? যে-কোনো একটি বিবাহ রীতির সংক্ষিপ্ত পরিচয় দাও।

১৭। 'ব্রজবিলাস' গ্রন্থে উল্লিখিত ব্রজ সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।

১৮। জগদীশচন্দ্র বসুর 'অব্যক্ত' গ্রন্থের 'বোধন' নিবন্ধে 'শিল্পোদ্ধার' অংশের মূল বক্তব্য সংক্ষেপে লেখো।

১৯। 'অন্তর বাহির' প্রবন্ধের মূল ভাববস্তু সংক্ষেপে লেখো।

P.T.O.

২০। "এইরূপে নিরাপদে বৃক্ষশিশুটি ঘুমাইয়া পড়িল।" — 'অব্যক্ত' প্রবন্ধ গ্রন্থের অনুসরণে লেখকের বক্তব্য পরিস্ফুট করো।

২১। অবনীন্দ্রনাথের সৌন্দর্যদর্শনের মূল বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে লেখো।

## বিভাগ - গ

যে কোনো **দুইটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

২২। 'ব্রজবিলাস' গ্রন্থে প্রকাশিত বিদ্যাসাগরের ব্যঙ্গাত্মক হাস্যরস ও পরিশীলিত যুক্তিবোধের পরিচয় দাও।

২৩। অবনীন্দ্রনাথের 'সৌন্দর্যের সন্ধান' প্রবন্ধের মূল বক্তব্য পরিস্ফুট করো।

২৪। 'ব্রজবিলাস' গ্রন্থের গঠনরীতি বিশ্লেষণ করো।

২৫। 'অব্যক্ত' গ্রন্থের প্রবন্ধাবলীতে প্রতিফলিত জগদীশচন্দ্র বসুর উদ্ভিদ সংক্রান্ত গবেষণার কী পরিচয় বিধৃত হয়েছে তা সংক্ষেপে আলোচনা করো।

---

অথবা

[ বাংলা ছোটগল্প, ভ্রমণকাহিনি ও গোয়েন্দা কাহিনি পাঠ ]

বিভাগ - ক

১। যে কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও। **(প্রতিটি প্রশ্নের মান-২)**

২×১০=২০

(ক) 'বেদেনী' গল্পটি প্রথম কবে কোন্ পত্রিকায় প্রকাশিত হয়?

(খ) 'বেদেনী' গল্পে কত বছর বয়সে বেদেনীর প্রথম বিয়ে হয়েছিল? প্রথম স্বামীর নাম কী?

(গ) 'প্রাগৈতিহাসিক' গল্পটি কোন্ শ্রেণীর গল্প? গল্পের কেন্দ্রীয় চরিত্রের নাম কী?

(ঘ) 'রসময়ীর রসিকতা' গল্পে মোট পরিচ্ছেদের সংখ্যা কয়টি? গল্পে ক্ষেত্রমোহন বাবুর স্ত্রীর নাম কী?

(ঙ) ভিখু কার গদিতে ডাকাতি করতে গিয়েছিল? সে সেখান থেকে পালিয়ে আসার সময় কিসের আঘাতে আহত হয়েছিল?

(চ) 'রসময়ীর রসিকতা' গল্পের চারটি চরিত্রের নাম লেখো।

(ছ) 'হয়তো' গল্পে মহিমের স্ত্রী ও বোনের নাম কী?

(জ) 'অশ্বমেধের ঘোড়া' গল্পটি প্রথম কবে প্রকাশিত হয়? গল্পের প্রধান চরিত্র দুটির নাম লেখো।

(ঝ) 'শজারুর কাঁটা' উপন্যাসে প্রথম খুন কে হয়েছিল? কোথায় হয়েছিল?

P.T.O.

(ঞ) 'শজারুর কাঁটা' উপন্যাসে দীপার ঠাকুরদার নাম কী? তিনি পেশায় কী ছিলেন?

(ট) 'শজারুর কাঁটা' উপন্যাসে দু'জন পুরুষ ও দু'জন নারী চরিত্রের নাম লেখ।

(ঠ) মহাপীঠ হিংলাজ কোথায় অবস্থিত? এই মহাপীঠে সতীর কোন্ অংশ পড়েছিল?

(ড) 'কে জানে কবে আসবে,' — কারা আসবে? কোথা থেকে আসবে?

(ঢ) শ্রীজয়াশঙ্কর মুরারজী পাণ্ডে কোথা থেকে, কেন এসেছেন?

(ণ) 'তিনজন আছি উর্বশীর সঙ্গে' — উর্বশী কে? তিনজন কে কে?

## বিভাগ - খ

২। যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও। **(প্রতিটি প্রশ্নের মান-৫)**

৫×৪=২০

(ক) 'বেদেনী' গল্পে তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় বেদে সমাজের যে জীবনচিত্র তুলে ধরেছেন তা সংক্ষেপে আলোচনা করো।

(খ) 'রসময়ীর রসিকতা' গল্প অবলম্বনে বিনোদিনীর চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো।

(গ) 'প্রাগৈতিহাসিক' গল্পের মূল ভাববস্তু নিজের ভাষায় লেখো।

(ঘ) 'কলকাতা রোজ পাল্টায়। আমরা শুধু রাস্তাটুকুর খবর রাখি।' বক্তা কে? প্রসঙ্গ উল্লেখ করে উদ্ধৃতাংশটির তাৎপর্য বিশ্লেষণ করো।

(ঙ) 'মরুতীর্থ হিংলাজ' উপন্যাসে হিন্দু মুসলমানের সম্প্রীতির যে ছবি ধরা পড়ে তা সংক্ষেপে আলোচনা করো।

(চ) 'শজারুর কাঁটা' উপন্যাস অবলম্বনে প্রবালের চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো।

**বিভাগ - গ**

৩। যে কোনো **দুইটি** প্রশ্নের উত্তর দাও। **(প্রতিটি প্রশ্নের মান-১০)**

১০×২=২০

(ক) 'বেদেনী' গল্পে তারাশঙ্কর জীবন পিপাসার এক উদগ্র ছবি এঁকেছেন' — মন্তব্যটির যাথার্থ্য বিচার করো।

(খ) 'প্রাগৈতিহাসিক' গল্পটির নামকরণের সার্থকতা বিচার করো।

(গ) 'শজারুর কাঁটা' উপন্যাসটি গোয়েন্দা কাহিনী হিসেবে কতখানি সার্থক হয়েছে তা বিচার করো।

(ঘ) 'মরুতীর্থ হিংলাজ' শুরু থেকে শেষ পর্যন্ত একটি উপন্যাস কথা দিয়ে গাঁথা এক মালা, সর্বঘাটে জল-খাওয়া অভিজ্ঞতার 'শৈল্পিক নির্মাণ' — মন্তব্যটি বিচার করো।

---

P.T.O.

অথবা

[ বাংলা রঙ্গমঞ্চ, সাময়িকপত্র ও অনুবাদ সাহিত্যের ইতিহাস ]

বিভাগ - ক

১। যে কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও। **(প্রতিটি প্রশ্নের মান-২)**
২×১০=২০

(ক) বেঙ্গলি থিয়েটারের জনক কাকে বলা হয়? তিনি কোথাকার বাসিন্দা ছিলেন?

(খ) সাতুবাবু কে? সাতুবাবুর থিয়েটারে প্রথম অভিনীত নাটকের নাম কী?

(গ) 'বেলগাছিয়া নাট্যশালা'র প্রতিষ্ঠাতা কারা? বেলগাছিয়া নাট্যশালায় অভিনীত প্রথম নাটক কোন্‌টি?

(ঘ) 'জোড়াসাঁকো নাট্যশালা' কারা পরিচালনা করতেন?

(ঙ) শিশির কুমার ভাদুড়ী কোন্ কোন্ নাট্যমঞ্চে নাট্যশিক্ষক হিসাবে নিযুক্ত ছিলেন?

(চ) 'ওল্ড প্লে হাউস' কবে কোথায় নির্মিত হয়েছিল?

(ছ) 'মাসিক পত্রিকা' কার সম্পাদনায় কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়? পত্রিকাটি কোন্ উদ্দেশ্যে প্রকাশ করা হয়?

(জ) সাঁসুসি থিয়েটারের প্রতিষ্ঠাতা কে? কবে-এর প্রতিষ্ঠা হয়?

(ঝ) 'ব্রাহ্মণসেবধি' কে কত খ্রিস্টাব্দে কোন্ উদ্দেশ্যে প্রকাশ করেন?

(ঞ) 'ভারতী' পত্রিকার প্রথম ও শেষ সম্পাদকের নাম লেখো।

(ট) 'প্রবাসী' পত্রিকা কার সম্পাদনায় কোথা থেকে প্রকাশিত হতো?

(ঠ) 'হিতবাদী' পত্রিকাটি কতসালে প্রথম প্রকাশিত হয়? 'হিতবাদী' নামটি কার দেওয়া?

(ড) বাংলা সাহিত্যে প্রথম অনুবাদ রচনার কৃতিত্ব কার? তাঁর অনূদিত গ্রন্থটির নাম কী?

(ঢ) বাংলা সাহিত্যে দুটি অনূদিত গ্রন্থের নাম ও অনুবাদকের নাম লেখো।

(ণ) রামনারায়ণের দুটি অনূদিত নাটকের নাম লেখো। নাটকগুলি কার লেখা কোন্ মূল নাটকের অনুবাদ?

## বিভাগ - খ

২। যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও। **(প্রতিটি প্রশ্নের মান-৫)**

৫×৪=২০

(ক) শ্যামবাজারে নবীনচন্দ্র বসুর থিয়েটার সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(খ) 'বহুবাজার বঙ্গ নাট্যালয়'-এর সংক্ষিপ্ত পরিচয় দাও।

(গ) 'তত্ত্ববোধিনী' পত্রিকা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(ঘ) বাংলা সাহিত্যে 'কল্লোল' পত্রিকার গুরুত্ব সংক্ষেপে পর্যালোচনা করো।

(ঙ) অনুবাদ সাহিত্যের ধারায় বিদ্যাসাগরের অবদান সংক্ষেপে আলোচনা করো।

(চ) অনুবাদ সাহিত্যের ধারায় শঙ্খ ঘোষের অবদান সংক্ষেপে আলোচনা করো।

P.T.O.

## বিভাগ - গ

৩। যে কোনো দুইটি প্রশ্নের উত্তর দাও। **(প্রতিটি প্রশ্নের মান-১০)**

১০×২=২০

(ক) বাংলা নাট্যমঞ্চের ইতিহাসে শখের নাট্যশালার গুরুত্ব কতখানি? এই প্রসঙ্গে পাথুরিয়াঘাটা বঙ্গনাট্যালয়ের পরিচয় দাও।

(খ) বাংলা সাহিত্যের জগতে 'কৃত্তিবাস' পত্রিকার অবদান সম্পর্কে আলোচনা করো।

(গ) অনুবাদ সাহিত্যের ধারায় জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের অবদান আলোচনা করো।

(ঘ) বাংলা রঙ্গমঞ্চের ইতিহাসে ন্যাশনাল থিয়েটারের ভূমিকা ও গুরুত্ব পর্যালোচনা করো।

---